দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

তারিখ ... 07 JUL 1989
পৃষ্ঠা ... 4 কলাম 3

126

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের হেলথ সেন্টার প্রসঙ্গে

সুস্থ স্বাস্থ্য ব্যবস্থা গড়ে তুলতে হলে চাই সুন্দর স্বাস্থ্য কেন্দ্রিক ব্যবস্থা। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২৩,৭৫৪ জন ছাত্র-ছাত্রী, ১,১৪৩ জন শিক্ষক-শিক্ষিকা এবং প্রায় আড়াই হাজার কর্মকর্তা-কর্মচারীর জন্য স্থাপিত হেলথ সেন্টারটি শত সমস্যায় জর্জরিত। বাসাবাসীর মত ব্যবহৃত এ স্বাস্থ্য কেন্দ্রে ১৬ জন ডাক্তারসহ উল্লেখযোগ্য সংখ্যক কর্মকর্তা-কর্মচারী রয়েছেন। এই স্বাস্থ্য কেন্দ্র থেকে সরবরাহকৃত ওষুধপত্র প্রয়োজনের তুলনায় মোটেই পর্যাপ্ত নয়। এখানে স্বাভাবিক ছোটখাট রোগের চিকিৎসা ছাড়া অন্য কোন রোগের চিকিৎসা হয় না। এটা অত্যন্ত আশ্চর্যের বিষয় যে, এখানে অপারেশনের কোন ব্যবস্থা নেই। উল্লেখ্য, একটা এক্স-রে মেশিন থাকলেও বর্তমানে তা অকেজো হয়ে পড়ে আছে। আমাদের যে-কোন ব্যাপারে যেতে হচ্ছে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল অথবা কোন প্রাইভেট ক্লিনিকে। এখানে রক্ত ও মলমূত্রের যেকোন টেস্টের রিপোর্ট একদিনে পাওয়া যায় না। দুঃখজনক হলেও সত্য যে, হাজার হাজার আবাসিক পরিবার থাকা সত্ত্বেও এখানে কোন মহিলাদের ডেলিভারীর ব্যবস্থা নেই। এসব ব্যাপারে আগেও লেখা হয়েছে; কিন্তু কাজ হয়নি।

তাই উল্লেখিত সমস্যা সমাধানকল্পে আবারো সংশ্লিষ্ট বিভাগের, উর্ধতন কর্তৃপক্ষের সুদৃষ্টি কামনা করছি।

—নিখিল কুমার কুণ্ডু
সমাজ বিজ্ঞান বিভাগ
৯, পশ্চিম ভবন
জগন্নাথ হল, ঢাকা বিশ্ববিদ্যালয়